সংবাদ

তারিখ 07 JAN 2016
পৃঃ ১৬ কলাম ৬

# ইউজিসিকে উচ্চশিক্ষা কমিশনে রূপান্তর করা হচ্ছে : প্রধানমন্ত্রী

উচ্চশিক্ষার মানোন্নয়ন এবং বিশ্ববিদ্যালয়গুলোর কর্মকাণ্ড মনিটরিং করার জন্য সরকার বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে (ইউজিসি) উচ্চশিক্ষা কমিশনে (এইচইসি) রূপান্তরিত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। বাসস।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) উদ্যোগে পাবলিক বিশ্ববিদ্যালয়ের কৃতী শিক্ষার্থীদের মাঝে 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক প্রদান' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে উচ্চশিক্ষা কমিশনে রূপান্তরের খসড়া প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে। উচ্চশিক্ষাকে যুগোপাযোগী এবং আন্তর্জাতিক মানে তুলে আনতে

উচ্চশিক্ষা কমিশনে :পৃষ্ঠা : ২ ক : ১

## কমিশনে : রূপান্তর

(১৬ পৃষ্ঠার পর)

এক্রিডেশন কাউন্সিল গঠনের বিষয়টিও প্রক্রিয়াধীন রয়েছে। তিনি বলেন, সরকার উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্পের (এইচইকিউইপি) মাধ্যমে উচ্চশিক্ষাকে যুগোপাযোগী করা এবং বহুমাত্রিক ধারায় বিকশিত করতে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে ২০১১-১২ সালে শীর্ষস্থান অর্জনকারী বিভিন্ন অনুষদ ও বিভাগের ১৬৬ জন শিক্ষার্থী অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর নিকট থেকে স্বর্ণপদক এবং সার্টিফিকেট গ্রহণ করেন। স্বর্ণপদক বিজয়ীদের মধ্যে উল্লেখযোগ্য নারী সদস্য থাকায় প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠানে মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক দিল আফরোজা বেগম স্বাগত বক্তৃতা করেন।

এছাড়া, স্বর্ণপদক বিজয়ী শিক্ষার্থীদের মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ছাত্রী অথৈ নিলিমা এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র মামুন-অর-রশিদ বক্তৃতা করেন।

অনুষ্ঠানে স্বর্ণজয়ী শিক্ষার্থীদের প্রধানমন্ত্রী 'সোনার ছেলে' আখ্যায়িত করে ভবিষ্যতের কর্মজীবনে দেশের সাধারণ জনগণের কথা বিবেচনা করে সততা, নিষ্ঠা, পেশাদারিত্ব ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানান।